**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কায়ুগা কাউন্টিতে 3.2 মিলিয়ন ডলারের স্টার্লিং নেচার সেন্টার ও রেসিলিয়েন্সি এডুকেশন বিল্ডিং সমাপ্তির ঘোষণা দিয়েছেন

***নতুন সেন্টারটি জলবায়ু সচেতনতা এবং শিক্ষার সুযোগ বৃদ্ধি করবে***

***নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন ডলারের 'রেজিলিয়েন্সি অ্যান্ড ইকনমিক ডেভেলপমেন্ট' উদ্যোগের অংশ***

গভর্নর ক্যাথি হোকল স্টার্লিং নেচার সেন্টার (Sterling Nature Center) ও রেসিলিয়েন্সি এডুকেশন বিল্ডিং (Resiliency Education Building) সমাপ্তির ঘোষণা দিয়েছেন। প্রকল্পটি শেষ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের রেসিলিয়েন্সি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (Resiliency and Economic Development Initiative, REDI) এর মাধ্যমে কায়ুগা কাউন্টিকে 3.2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হয়েছে। স্টার্লিং নেচার সেন্টার, লেক অন্টারিওর উপকূলরেখার দুই মাইল বরাবর অবস্থিত, একটি সর্বজনীন প্রকৃতি সংরক্ষণ ও সংরক্ষণ এলাকা যা কায়ুগা কাউন্টির মালিকনাধীন এবং পরিচালিত যা স্টার্লিং শহরে 1,400 একরের বেশি জমি জুড়ে রয়েছে। নবনির্মিত ইন্টারপ্রিটিভ সেন্টারটি উন্নত জলবায়ুর স্থিতিশীলতা প্রদান করবে , পর্যটন উন্নত করবে এবং এই অঞ্চলে পরিবেশগত শিক্ষার প্রচার করবে।

"জলবায়ু পরিবর্তন একটি বাস্তবতা যা আমরা উপেক্ষা করতে পারি না এবং নিউ ইয়র্ক সরাসরি চ্যালেঞ্জ মোকাবেলা করছে। এই প্রচেষ্টাগুলির অংশ হিসেবে, আমরা 2019 সালের বন্যার দ্বারা বিধ্বস্ত উপকূলীয় কমিউনিটিগুলিকে, পুনর্নির্মাণ, সংস্কার এবং সুরক্ষার জন্য কাজ করছি," **গভর্নর হোকল বলেন।** "পরিকল্পিত অবকাঠামোতে বিনিয়োগের মাধ্যমে এবং স্থানীয় সরকারগুণের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে আমরা স্টার্লিং নেচার সেন্টারের মত গুরুত্বপূর্ণ কমিউনিটি প্রকল্পসমূহ সফল হতে দেখেছি। স্টেট এবং স্থানীয় সরকার একসাথে কাজ করে কী অর্জন করা সম্ভব, এই সম্পন্ন প্রকল্প তার প্রমাণ।"

স্টার্লিং নেচার সেন্টারটি হল নয়টি কাউন্টি সেন্ট্রাল নিউ ইয়র্ক এলাকার একটি বৃহত্তম প্রকৃতি সংরক্ষণ অঞ্চল যেখানে প্রায় 600,000 বাসিন্দা রয়েছে। এটি একটি অনন্য বৈচিত্রময় প্রাকৃতিক অভিজ্ঞতা প্রদান করে, যা নয় মাইলেরও বশি ভ্রমণপথ এবং উঁচু ব্লাফগুলি থেকে দর্শনীয় হ্রদের দৃশ্যের সংমিশ্রণ করে। এই বৈশিষ্ট্যগুলি প্রতি বছর 35,000 এরও বেশি দর্শনার্থীদের সাথে এটিকে একটি জনপ্রিয় পর্যটন গন্তব্যে গড়ে তোলে।

এখন নতুন স্টার্লিং নেচার সেন্টার (Sterling Nature Center) এবং রেজিলিয়েন্সি এডুকেশনাল বিল্ডিং (Resiliency Education Building) যা করবে:

- উন্নয়নশীল প্রযুক্তি ও পরিবেশ সুরক্ষা ব্যবস্থা ব্যবহার করে সাইটে নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণের খরচ কমাবে;
- পরিষেবাগুলির উন্নতি করে এবং কর্মসূচি ও ইভেন্টের সুযোগগুলি সম্প্রসারণের মাধ্যমে অঞ্চলটিতে পর্যটনের অফারগুলিকে উন্নত করবে; এবং
- টেকই অবকাঠামো, সৈকতের সুরক্ষা এবং জলবায়ুর স্থিতিশিলতা বিষয়ক শিক্ষার প্রদর্শনী এবং কর্মসূচির জন্য পর্যাপ্ত জায়গা সহ একটি ফ্যাসিলিটি প্রদান করে জনসাধারণকে অবহিত করবে এবং শিক্ষিত করবে।

উচ্চ রেকর্ডের লেক অন্টারিওর জলের স্তর এবং চরম বৃষ্টিপাতের ঘটনাগুলি স্টার্লিং নেচার সেন্টারের তীর বরাবর ট্রেইলগুলিকে ক্ষতিগ্রস্ত বা ধ্বংস করেছে। ঝড়ের জলের সমস্যাগুলি যা অবনমিত ভ্রমণপথগুলি এবং দর্শনার্থীদের অভিজ্ঞতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে তা মোকাবেলা করতে এবং অব্যাহত অ্যাক্সেস নিশ্চিত করার জন্য কাউন্টিটিকে বর্তমানে নির্মাণাধীন দ্বিতীয় প্রকল্পের জন্য অনুদান তহবিলে 804,500 মার্কিন ডলার প্রদান করা হয়েছিল।

স্টার্লিং নেচার সেন্টারের ট্রেইল প্রকল্পে প্রয়োগ করা প্রশমন ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে:

- পার্কিং এলাকা, ফুটপাত, পরিবেশ বান্ধব বাগান এবং জলাভূমিগুলির পার্কিং স্টলগুলিতে প্রবেশযোগ্য ফুটপাথ সহ ঝড়ের পানিকে আরও ভালভাবে পরিচালনা করার জন্য টেকসই অবকাঠামো;
- টেকসই অবকাঠোমো সম্পর্কিত শিক্ষামূলক প্রদর্শনী ও কর্মসূচি; এবং
- ডগউড, লেকভিউ, হেরন, ব্লাফ, বাটনবুশ ও লেক ট্রেইল সহ প্রায় চার মাইল হাইকিং ভ্রমণপথগুলি মেরামত ও পুনরায় রুট করা, তীব্র ঝড়ের ঘটনা বৃদ্ধির কারণে ভ্রমণপথগুলির দীর্ঘস্থায়ী ভেজা বা প্লাবিত অংশগুলিকে সেতু করার জন্য বোর্ড ওয়াক ইনস্টল করা আরও ঘন ঘন ঝড়ের ঘটনা থেকে ভাঙ্গন হওয়া অঞ্চলে মাটির ক্ষয় হ্রাস করার জন্য পূর্বে মেরামতবিহীন ভ্রমণপথের পৃষ্ঠগুলি মালচিং করা।

**সেক্রেটারি অব স্টেট রবার্ট জে রদ্রিগেজ বলেন,** "কায়ুগা কাউন্টিতে স্টার্লিং নেচার সেন্টার (Sterling Nature Center) ও রেসিলিয়েন্স এডুকেশন বিল্ডিং (Resiliency Education Building)  প্রকল্পের সমাপ্তি দুর্যোগপূর্ণ আবহাওয়ার ঘটনাগুলির ভবিষ্যতের  প্রভাব হ্রাস করতে, উপকূলরেখার স্থিতিশীলতা  উন্নত করতে এবং ট্রেইল ও দর্শনীয় হ্রদের দৃশ্যের সাথে পর্যটন এবং বিনোদনমূলক সুযোগগুলি বৃদ্ধি করতে সহায়তা করবে। লেক অন্টারিওর হ্রদের বৃহৎ অববাহিকা রক্ষার জন্য REDI কে ধন্যবাদ।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (New York State Department of Environmental Conservation) এর অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন** "নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনে অবদান রাখে এমন গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করার সময় আমদের পরিবর্তিত জলবায়ুর সম্ভাব্য প্রভাবগুলি যেমন আরও ঘন ঘন ও মারাত্মক ঝড়ের জন্য কমিউনিটিগুলিকে আরও ভালভাবে প্রস্তুত করতে সহায়তা করার জন্য কৌশলগত বিনিয়োগকে এগিয়ে নিয়ে যাচ্ছে। নতুন স্টার্লিং নেচার সেন্টার ও রেসিলিয়েন্স এডুকেশন বিল্ডিং দর্শনার্থীদের সক্ষম করবে এবং পরিবেশগত শিক্ষা প্রদান করে নিউ ইয়র্কবাসীগণকে প্রকৃতির সাথে সংযুক্ত করতে সাহায্য করবে, পরবর্তী প্রজন্মের বন্যপ্রাণী রক্ষাকারীদের অনুপ্রাণিত করবে এবং জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করবে।"

**নিউইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিনগুয়েজ বলেন,** "কায়ুগা কাউন্টিতে 2019 সালে যে কাজটি শুরু হয়েছিল, এটি এমন একটি জায়গা যেখানে আমি বার বার REDI এর সভাপতি হিসেবে ভিজিট করেছি, যা অসাধারণ উপায়ে ফলপ্রসূ হচ্ছে। স্টার্লিং নেচার সেন্টার ও রেসিলিয়েন্স এডুকেশনাল বিল্ডিং এবং এর আশেপাশে পুররুদ্ধার ও উন্নত করার জন্য যে কাজটি করা হয়েছে তা কায়ুগা কাউন্টিতে স্টেট ও স্থানীয় REDI অংশীদারদের মধ্যে স্থিতিশীলতা ও সহযোগিতার একটি উজ্জ্বল উদাহরণ। শুরু থেকেই, এই প্রকল্পটি পর্যটন, অর্থনৈতি উন্নয়ন, শিক্ষা ও স্থিতিশীলতার অগ্রগতির বিষয় ছিল এবং আমি আনন্দিত যে এটি সকল ক্ষেত্রে সফল হয়েছে।"

**নিউইয়র্ক স্টেট অফিস অব জেনারেল সার্ভিসেস (New York State Office of General Services) এর কমিশনার জ্যানেট ময় বলেন,** "REDI উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের কারণে ভবিষ্যতের বন্যার পানির স্তরের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ অবকাঠোমো সংস্কার ও সুরক্ষার জন্য অন্টারিও লেক ও সেন্ট লরেন্স নদীর বন্যাপ্রবণ কমিউনিটিগুলিকে সফলভাবে সহায়তা করে চলেছে। স্টার্লিং নেচার সেন্টার ও রেসিলিয়েন্স এডুকেশন বিল্ডিং প্রকল্পটি শুধু গভর্নর হোকলের গুরুত্বপূর্ণ REDI লক্ষ্যগুলি অর্জন করে না, স্টেটের এই পরিবেশগত বৈচিত্রময় অঞ্চলে বিনোদন ও পরিবেশগত শিক্ষার প্রচারের অতিরিক্ত সুবিধাও যুক্ত করে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, কমিশনার ও REDI কমিশনের সহ-সভাপতি হোপ নাইট বলেন,** "বসন্তে সবাই বাইরে সময় কাটাতে আগ্রহী, তাই নতুন স্টার্লিং নেচার সেন্টারটি উদ্বোধন করার জন্য এটি একটি উপযুক্ত সময়। কায়ুগা কাউন্টিতে অবস্থিত গভর্নর হোকলের সদ্য সমাপ্ত হওয়া REDI প্রকল্পটি আগামীর তরুণ বন্যপ্রাণী রক্ষাকারীদের শিক্ষিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, পাশাপাশি দর্শকদের নতুন পর্যবেক্ষণ ডেক ও তথ্যপূর্ণ প্রদর্শনীর প্রশংসা করতে আকৃষ্ট করবে।"

**ডরমিটরি অথরিটি অব দ্য স্টেট অব নিউ ইয়র্ক (Dormitory Authority of the State of New York) এর ভাইস প্রেসিডেন্ট চার্লি উইলিয়ামস বলেন,** "DASNY কমিউনিটি সুরক্ষা ও নেচার সেন্টার ও রেসিলিয়েন্সি এডুকেশনাল বিল্ডংয়ের মত গুরুত্বপূর্ণ শিক্ষাগত সংস্থানগুলিকে রক্ষা করার জন্য গভর্নর হোকলের স্বপ্নকেসহায়তা করতে গর্বিত। এই REDI কর্মসূচির বিনিয়োগ

এবং এখানে করা কাজটি ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের জন্য ই সুবিধার অনন্য প্রাকৃতিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক মিশন টিকিয়ে রাখতে সহায়তা করবে।"

**রাজ্যের সিনেটর রাচেল মে বলেন,** "স্টার্লিং নেচার সেন্টারের রেসিলিয়েন্সি এডুকেশনাল বিল্ডিংটি জাঁকজমকপূর্ণ। এটি পরিবেশ সুরক্ষা ও উপকূলরেখা সংরক্ষণের বিষয়ে মানুষকে শিক্ষিত করার জন্য একটি চমৎকার সুযোগ প্রদান করে। এই গুরুত্বপূর্ণ বিষয়গুলির বিষয়ে শেখার জন্য একটি কেন্দ্র তৈরি করে, আমরা পরিবেশ সচেতনতা বাড়াতে পারি এবং আরও দর্শকদের আকর্ষণ করতে পারি, স্থানীয় অর্থনীতিকে অগ্রসর করতে পারি। এই আকর্ষনীয় প্রকল্পের জন্য স্টার্লিং নেচার সেন্টারকে অভিনন্দন। আমি এই অঞ্চলে তার অবদান প্রত্যাশা করি।"

**অ্যাসেম্বলি মাইনরিটি লিডার উইলিয়াম বার্কলে বলেন,** "স্টার্লিং নেচার সেন্টার রেসিলিয়েন্সি প্রকল্পটি সম্পূর্ণ সার্কেলে আসতে দেখে খুব ভাল লাগছে। এটি এই অঞ্চলের জন্য একটি উন্নয়নশীল প্রকল্প এবং স্টেট মূলধনের একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। আমি এই উদ্যোগের প্রভাব উপকূলরেখা ও এলাকার অর্থনৈতিক উন্নয়নে কী ধরণের সুফল বয়ে আনবে তা দেখতে আগ্রহী। এই প্রচেষ্টাকে সফল করার জন্য তাদের কঠোর পরিশ্রমের জন্য আমি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাই। আমাদের এই প্রচেষ্টা আমাদের প্রাকৃতিক সম্পদ সুরক্ষায় ব্যাপক অবদান রাখবে।"

**কায়ুগা কাউন্টির চেয়ারপারসন আইলিন ম্যাকনাব-কোলম্যান বলেন,** "এই প্রকল্পটি পর্যটন ও লেক অন্টারিও এর সামুদ্রিক অর্থনীতিতে একটি বাস্তব বিনিয়োগ। এটি কায়ুগা কাউন্টি ও এই অঞ্চলের জন্য বিনিয়োগের একটি রিটার্ন প্রদান করবে। একটি স্পেসের উদযাপন এবং স্টার্লিং নেচার সেন্টার সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের প্রতিশ্রুতি, এটি 1,400 একর পাবলিক, প্রাকৃতিক উপকূলরেখা ও অন্টারিও লেককে উপেক্ষা করে ব্লাফস।"

**টাউন অব স্টার্লিং সুপারভাইজার অ্যান্ড্রু জয়েস বলেন,** "স্টার্লিং নেচার সেন্টার REDI প্রকল্পের সমাপ্তি দেখা খুবই আনন্দদায়ক। স্টার্লিংয়ের সবচেয়ে বিস্ময়কর প্রাকৃতিক বৈশিষ্টগুলির মধ্যে একটি জানতে, আবিষ্কার করতে এবং উপভোগ করতে সক্ষম হওয়ার জন্য আমাদের কমিউনিটি এবং এই অঞ্চলে দর্শকদের জন্য উপযুক্ত কি চমৎকার সুযোগ। এই প্রকল্পটি REDI কর্মসূচি ও আমাদের উপকূলরেখা এবং অর্থনৈতিক উন্নয়নকে শক্তিশালী করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির একটি চমৎকার উদাহরণ। আরও গুরুত্বপূর্ণ, এটি স্বেচ্ছাসেবীদের গর্ব ও বিশ্বস্ততাকে তুলে ধরে যারা স্টার্লিং নেচার সেন্টার সংরক্ষণে তাদের অনেক সময় প্রদান করে।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরনের প্রতিক্রিয়া হিসেবে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI এর মাধ্যমে অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরবর্তী অঞ্চলে কমিউনিটির

সুযোগ-সুবিধা বাড়াতে এবং স্থিতিশীলতা উন্নত করার জন্য স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রতিশ্রুতি দিয়েছে।

2019 সালের বসন্ত মৌসুমে স্টেটের REDI কর্মসূচি তৈরি হওয়ার পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 26 টি প্রকল্প নকশা পর্যায়ে, 23 টি প্রকল্প নির্মাণ পর্যায়ে আছে এবং 85টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন